গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮৬/২০১৯-২০২০
ঢাকা, ২৩ অক্টোবর বুধবার ২০১৯, ০৭ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাপান সম্রাটের অভিষেক অনুষ্ঠানে রাষ্ট্রপতি
২। ওভারটেকিংয়ের অসুস্থ প্রতিযোগিতা বন্ধ করতে হবে : নিরাপদ সড়ক দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী ন্যাম সম্মেলনে যোগ দিতে আগামীকাল আজারবাইজান যাচ্ছেন
৪। একনেকে ৪৬৩৬ কোটি টাকার পাঁচ প্রকল্প অনুমোদন
৫। আজ নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ঘোষণা দেবেন প্রধানমন্ত্রী
২৭৩০ শিক্ষাপ্রতিষ্ঠান এমপিভুক্ত হচ্ছে
৬। ক্রিকেটের চলমান সংকট নিরসনে মাশরাফিকে দায়িত্ব দিলেন প্রধানমন্ত্রী
৭। সারাদেশে একসঙ্গে মডেল মসজিদ করা হবে : গাজীপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৮। দেশকে অস্থিতিশীল করতে দেয়া হবে না : তথ্যমন্ত্রী
৯। বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হয়ে দাঁড়িয়েছে : মরক্কোয় আইনমন্ত্রী
১০। বাংলাদেশে বিনিয়োগের জন্য ফরাসি উদ্যোক্তাদের প্রতি আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর
১১। জাতীয় হৃদরোগ হাসপাতালকে আন্তর্জাতিক মানে উন্নীত করা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী
১২। পেঁয়াজ রপ্তানি বন্ধের সিদ্ধান্ত আগে জানানো উচিত ছিল : ভারতে বাণিজ্যমন্ত্রী
১৩। '১ মিনিটে নগদ অ্যাকাউন্ট'সেবার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা
১৪। দেশজুড়ে তরুণদের প্রশিক্ষণ দেয়া হবে : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা
১৫। ১৫তম স্প্যান বসেছে পদ্মাসেতুর : দৃশ্যমান ২২৫০ মিটার

চলমান পাতা-২

**১। জাপান সম্রাটের অভিষেক অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

জাপানের সম্রাট নারুহিতোর অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। টোকিওতে রাজপ্রাসাদে ১৭৪ দেশ ও অঞ্চলের প্রায় দুই হাজার নেতা ও প্রতিনিধির সামনে নারুহিতো জাপানের ১২৬তম সম্রাট হিসেবে সিংহাসনে আরোহণের ঘোষণা দেন। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) দুপুর ১টায় সিডেন স্টেট হলের মাতসু কুন জো ম্যা স্টেট রুমে আয়োজিত এ অনুষ্ঠানে 'তাকামিকুরা' হিসেবে পরিচিত সাড়ে ৬ মিটার উঁচু চাঁদোয়া টানানো এ সিংহাসনে সম্রাট অধিষ্ঠান করেন। রাষ্ট্রপতি গতকাল জাপানের প্রধানমন্ত্রীর দেওয়া ভোজসভায় যোগ দেন। জাপান সফর শেষে আগামী ২৫ থেকে ২৭ অক্টোবর রাষ্ট্রপতি সিঙ্গাপুর সফর করবেন। তিনি আগামী ২৭ অক্টোবর দেশে ফিরবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ (শেষ** পৃ.,ক.১**), ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**২। ওভারটেকিংয়ের অসুস্থ প্রতিযোগিতা বন্ধ করতে হবে : নিরাপদ সড়ক দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্ঘটনা প্রতিরোধে রাস্তায় ফিটনেসবিহীন যান চলাচল এবং ওভারটেকিংয়ের মতো অসুস্থ প্রতিযোগিতা বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দিয়ে বলেছেন, ওভারটেকিং নামক অসুস্থ প্রতিযোগিতা এবং ফিটনেসবিহীন গাড়ি দুর্ঘটনার অন্যতম একটি কারণ। এ অসুস্থ প্রতিযোগিতা বন্ধ করতে হবে। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর খামারবাড়ীস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে 'জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৯' উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, কেউ যদি অহেতুক নিয়মের বাইরে গিয়ে গাড়ি বা ট্রাকের আকার পরিবর্তন করে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে এবং আমাদের ট্রাফিক পুলিশকেও এ বিষয়ে সচেতন থাকতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.১**), সংবাদ** (পৃ.১,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫**), ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী ন্যাম সম্মেলনে যোগ দিতে আগামীকাল আজারবাইজান যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮তম জোট নিরপেক্ষ আন্দোলন (ন্যাম) সম্মেলনে যোগ দিতে আগামীকাল ২৪ অক্টোবর বৃহস্পতিবার চারদিনের সরকারি সফরে আজারবাইজানের রাজধানী বাকুর উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। ১শ' ২০ উন্নয়নশীল দেশের ফোরাম ন্যামের দু'দিনের সম্মেলনটি আগামী ২৫ ও ২৬ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকুর কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)।

**৪। একনেকে ৪৬৩৬ কোটি টাকার পাঁচ প্রকল্প অনুমোদন**

সৌদি প্রবাসী বাংলাদেশিদের সহায়তা দিতে সৌদি আরবের জেদ্দায় চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এছাড়াও বহুমুখী দুর্যোগ আশ্রয়কেন্দ্রসহ সড়ক-মহাসড়ক উন্নয়নের জন্য ৫টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রকল্পগুলো বাস্তবায়নে মোট খরচ ধরা হয়েছে ৪ হাজার ৬৩৬ কোটি ৮০ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১ হাজার ৪৭৬ কোটি টাকা খরচ করা হবে। এছাড়া বৈদেশিক সহায়তা থেকে আসবে ৩ হাজার ১৬০ কোটি ৭৬ লাখ টাকা। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬)।

**৫। আজ নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ঘোষণা দেবেন প্রধানমন্ত্রী**
**২৭৩০ শিক্ষাপ্রতিষ্ঠান এমপিভুক্ত হচ্ছে**

আজ (২৩ অক্টোবর বুধবার) নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ঘোষণা দেওয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে দুপুর ১২টায় এ ঘোষণা দেবেন। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এমপিওভুক্তির বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এ তথ্য জানান। এবার ২ হাজার ৭৩০টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হচ্ছে। এ সময় প্রেসক্লাবের সামনে চলমান অনশন কর্মসূচি থেকে শিক্ষকদের ক্লাসে ফিরে যাওয়ারও আহ্বান জানান তিনি। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.১**), সংবাদ** (পৃ.১,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২**), অবজারভার** (পৃ.১,ক.১)।

**৬। ক্রিকেটের চলমান সংকট নিরসনে মাশরাফিকে দায়িত্ব দিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অধিনায়ক মাশরাফি বিন মুর্তজাকেই গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) দায়িত্ব দিয়েছেন ক্রিকেটের চলমান সংকট নিরসনে ভূমিকা রাখতে। বিসিবির সহসভাপতি মাহাবুবুল আনাম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাশরাফি বিন মুর্তজাকে ডেকেছিলেন। তাঁর কাছ থেকে ক্রিকেটের বর্তমান পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত শুনেছেন। এরপর মাশরাফিকে দায়িত্ব দিয়েছেন ক্রিকেটারদের মাঠে ফিরে আসার বার্তা দিতে। আন্দোলনরত ক্রিকেটারদের কাছে প্রধানমন্ত্রীর এ বার্তা পৌঁছে দিয়েছেন মাশরাফি বিন মুর্তজা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১**), ডেইলি সান (শেষ** পৃ.,ক.১**)**

**৭।	সারাদেশে একসঙ্গে মডেল মসজিদ করা হবে : গাজীপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক বলেছেন, সারাদেশে একসঙ্গে মডেল মসজিদ করা হবে। এগুলো দেখতে একই রকম হবে। প্রথম দিকে সৌদি আরব এ মসজিদ নির্মাণে আগ্রহ প্রকাশ করেছিল। আমরা সিদ্ধান্ত নিয়েছি রাষ্ট্রের পয়সায় এ মসজিদগুলো নির্মাণ করব। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) গাজীপুরে কালিয়াকৈর উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

**৮।	দেশকে অস্থিতিশীল করতে দেয়া হবে না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দেশকে অস্থিতিশীল করতে দেয়া হবে না। যারা দেশকে অস্থিতিশীল করবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। দেশের শান্তি বিনষ্ট করার সুযোগ তাদের দেয়া হবে না। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সর্ব ইউরোপিয়ান আওয়ামী লীগের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)।

**৯।	বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হয়ে দাঁড়িয়েছে : মরক্কোয় আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, শক্তিশালী নেতৃত্বের পাশাপাশি সুশাসন, স্থিতিশীল সরকার, অব্যাহত রাজনৈতিক স্থিতিশীলতা, সুষ্ঠু সামষ্টিক অর্থনৈতিক নীতি এবং সঠিক উন্নয়নের অগ্রাধিকার বাংলাদেশকে এক অনন্য উন্নয়নের মডেল করে তুলেছে। মরক্কোর প্রাচীন রাজধানী মারাকাসে অনুষ্ঠিত দ্বিতীয় আন্তর্জাতিক বিচার সম্মেলনে এসব কথা বলেন তিনি। 'জাস্টিস এ্যান্ড ইনভেস্টমেন্ট : চ্যালেঞ্জ এ্যান্ড স্টেকস' প্রতিপাদ্যকে সামনে রেখে ২১ ও ২২ অক্টোবর দু'দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)

**১০।	বাংলাদেশে বিনিয়োগের জন্য ফরাসি উদ্যোক্তাদের প্রতি আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর**

পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন বিদেশি সরাসরি বিনিয়োগ (এফডিআই) আকৃষ্ট করতে বাংলাদেশ সরকারের দেয়া ব্যবসাবান্ধব সহজ আইনের কথা বিবেচনা করে দেশের অবকাঠামো, নবায়নযোগ্য জ্বালানি, বর্জ্য ব্যবস্থাপনা ও আইসিটি খাতে বিনিয়োগ করতে ফরাসী ব্যবসা প্রতিষ্ঠানগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশে ব্যবসাবান্ধব এফডিআই আইন, ওয়ান-স্টপ সার্ভিস, সহজে রেমিটেন্স প্রেরণ এবং অত্যন্ত প্রতিযোগিতামূলক বেতনে দক্ষ জনশক্তির সহজলভ্যতা বজায় থাকায় ফরাসী কোম্পানিগুলো বিনিয়োগের একটি আকর্ষণীয় স্থান হিসেবে ঢাকাকে পছন্দ করতে পারে। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) এক বার্তায় বলা হয়, গত ২১ অক্টোবর প্যারিসে ফরাসী সিনেট আয়োজিত বাংলাদেশ-ফ্রান্স ইকোনমিক ফোরামে বক্তব্য দেয়ার সময় মন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৭,ক.১)।

**১১।	জাতীয় হৃদরোগ হাসপাতালকে আন্তর্জাতিক মানে উন্নীত করা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালকে একটি আন্তর্জাতিক মানের হাসপাতালে রূপান্তরিত করতে গৃহীত নানা উদ্যোগ বাস্তবায়নাধীন রয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের সম্প্রসারিত আধুনিক কার্ডিয়াক আইসিইউ এবং ওটি কমপ্লেক্সের উদ্বোধন ফলক উন্মোচন এবং পরিদর্শন করেন। হাসপাতালে ৭টি কার্ডিয়াক অপারেশন থিয়েটার এবং ৫০টি আধুনিক মানের আইসিইউ বেড বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এটিই এশিয়া মহাদেশের মধ্যে সবচেয়ে বড় কার্ডিয়াক আইসিইউ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১২।	পেঁয়াজ রপ্তানি বন্ধের সিদ্ধান্ত আগে জানানো উচিত ছিল : ভারতে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, ভারতের পেঁয়াজ রপ্তানি বন্ধের সিদ্ধান্ত বাংলাদেশকে আগে থেকে জানানো উচিত ছিল। তাহলে বাংলাদেশ বিকল্প দেশ থেকে পেঁয়াজ আমদানি করে বাজার স্থিতিশীল রাখতে পারত। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) ভারতের আসামের গৌহাটিতে অনুষ্ঠিত ইন্ডিয়া-বাংলাদেশ স্টেকহোল্ডার্স সভায় বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। বাণিজ্যমনন্ত্রী আরো বলেন, ভারত সাফটার আওতায় বাংলাদেশকে বেশিরভাগ পণ্যে শুল্কমুক্ত সুবিধা দিয়েছে। কিন্তু কিছু শুল্ক বাধার কারণে সে সুবিধা পুরোপুরি কাজে লাগানো যাচ্ছে না। বিশেষকরে খাদ্যপণ্যের মান পরীক্ষার প্রক্রিয়া, ন্যূনতম রপ্তানি মূল্য ইত্যাদি কারণে বাংলাদেশ প্রত্যাশা অনুযায়ী রপ্তানি করতে পারছে না। এসব নিয়ম-কানুন শিথিল করা প্রয়োজন। এতে উভয় দেশে লাভ হবে। সূত্র **: সমকাল** (পৃ.১২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১৫,ক.১)।

**১৩। ‘১ মিনিটে নগদ অ্যাকাউন্ট’সেবার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

দেশের জনগণের জন্য আর্থিক সেবাখাতকে আরো সহজ ও নিরাপদ করতে বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল লেনদেন ‘নগদ’-কে ‘পরিচয়’ অ্যাপ্লিকেশনের সঙ্গে সংযুক্ত করে **‘১ মিনিটে নগদ অ্যাকাউন্ট’** সেবা উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে তিনি এক অনুষ্ঠানে **‘১ মিনিটে নগদ অ্যাকাউন্ট’** সেবা উদ্বোধন করেন। এ সময় ২০২৩ সালের মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ করা হবে বলেও জানান তিনি। অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার উপস্থিত ছিলেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৪,ক.১**), ইন্ডিপেনডেন্ট (**পৃ.৯,ক.২**), ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**১৪। দেশজুড়ে তরুণদের প্রশিক্ষণ দেয়া হবে : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, তথ্য ও প্রযুক্তি বিষয়ে তরুণদের প্রশিক্ষণ কর্মসূচি শুধু ঢাকাকেন্দ্রিক নয়, এ প্রশিক্ষণ কার্যক্রম সারাদেশে নিয়ে যাওয়া হবে। দেশজুড়ে তরুণদের প্রশিক্ষণ দেয়া হবে। গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর একটি অভিজাত হোটেলে সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরই) ও ইয়ং বাংলার যৌথ উদ্যোগে আয়োজিত ‘ইয়ুথ অন পলিটিক্স’ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)**, সমকাল** (পৃ.১৫,ক.৮)**, এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

**১৫। ১৫তম স্প্যান বসেছে পদ্মাসেতুর : দৃশ্যমান ২২৫০ মিটার**

পদ্মাসেতুর ১৫তম স্প্যান গতকাল (২২ অক্টোবর মঙ্গলবার) বসেছে। এতে সেতুটি ২২৫০ মিটার দৃশ্যমান হলো। স্প্যানটি জাজিরা প্রান্তে মাদারীপুর জেলা সেতুর ২৩ ও ২৪ নম্বর পিলারে স্থাপন করা হয়। এর আগে ১৫০ মিটার দৈর্ঘ্যের ৩ হাজার ১৪০ টন ওজনের স্প্যানটিকে মাওয়া কন্সট্রাকশন ইয়ার্ড থেকে বহন করে নিয়ে যায় ৩ হাজার ৬০০ টন ধারণ ক্ষমতার ‘তিয়ান ই’ ক্রেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৪)**, সংবাদ** (পৃ.১,ক.১)**, নিউ নেশন** (পৃ.১,ক.৮)**, ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** চট্টগ্রামের সীতাকুণ্ডে শিপব্রেকিং ইয়ার্ডগুলোর মৃত্যুঝুঁকি তুলে ধরে পরিত্যক্ত জাহাজ শিপইয়ার্ডে আনার আগেই বর্জ্যমুক্ত করার নিয়ম লঙ্ঘনকারীদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান।

খ. **সংবাদ, নিউ নেশন, নিউ এজ :** নিরাপদ সড়ক নিশ্চিত করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অভিমত তুলে ধরে সড়কে শৃঙ্খলা ফেরাতে কার্যকর পদক্ষেপ গ্রহণের অভিমত।

গ. **জনকণ্ঠ :** দেশের বর্তমান শিক্ষাব্যবস্থার মান নিয়ে ইউজিসির উদ্বেগ প্রকাশের পরিপ্রেক্ষিতে শিক্ষাব্যবস্থাকে আধুনিক ও উচ্চ মানসম্পন্ন করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে বায়োমেট্রিক হাজিরা মেশিন ক্রয়ে দুর্নীতির অভিযোগ তুলে ধরে সরকারি প্রতিষ্ঠানেও বিভিন্ন প্রকল্পের ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিত করার প্রত্যাশা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** কারওয়ান বাজারের রাস্তার পাশের ও ফুটপাতের অবৈধ স্থাপনা উচ্ছেদে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উদ্যোগের সাফল্য কামনা করে ক্ষতিগ্রস্থ হকারদের পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ ।

চ. **নিউজ টুডে :** খাদ্য মন্ত্রণালয়ের ৬'শ কোটি টাকা ব্যয়ে ২০০টি ধান সাইলো স্থাপনের পরিকল্পনাকে স্বাগত জানিয়ে এ পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** নৌবন্দরগুলোতে কাস্টমস ক্লিয়ারেন্স ও কার্গো হ্যান্ডেলিং উভয় কার্যক্রমে ব্যাপক সময় অপচয়ে আমদানি-রপ্তানি কার্যক্রম ক্ষতিগ্রস্ত হওয়ায় এ দুটি কাজ দ্রুততম সময়ের মধ্যে করার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সব শিশুর ভেতরে একটা সুপ্ত চেতনা রয়েছে, মনন রয়েছে, শক্তি রয়েছে-সেটাকে বিকশিত করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘কন্যাশিশু বেড়ে উঠুক মুক্ত পরিবেশে’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিক্ষা কন্যা শিশুর উন্নয়ন, বাল্যবিবাহরোধ এবং শিশুমৃত্যু হার কমানোর নিয়ামক হিসেবে কাজ করে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা